দৈনিক ইত্তেফাক

179

তারিখ ... AUG 26 1999 ...
পৃষ্ঠা ... কলাম ...

পড়াশুনা

# অর্থ লাগে না যেখানে



এমন কিছু লোক রয়েছে যারা ভাল বই পেলে ডুবে পড়েন সে বইনিয়ে। আশপাশে কি হচ্ছে তার খবর থাকে না। বই পড়ার অভ্যাস শুধু ছাত্র-ছাত্রীদেরই নয়। অনেক চাকরিজীবীরও বই পড়ার অভ্যাস রয়েছে। কিন্তু সমস্যা হলো কোথায় বই পড়বেন। যারা জানেন না কোথায় গেলে আরাম করে বিনা মূল্যে বই পড়া যাবে। যারা এমন ঠিকানা পেতে ইচ্ছুক তাদেরকে জানিয়ে দিচ্ছি এমন কিছু ঠিকানা।

**জাতীয় গ্রন্থ কেন্দ্র ঃ** গুলিস্তান গোলাপ শাহ্ মাজারেরর পশ্চিম পাশে। শুক্র ও শনিবার ছাড়া প্রতিদিন সকাল ৯টা থেকে সাড়ে ৪টা পর্যন্ত খোলা থাকে।

**গণ উন্নয়ন গ্রন্থাগার ঃ** গণ উন্নয়ন গ্রন্থাগার ধানমন্ডি সাতমসজিদ রোডে আবাহনী মাঠের উত্তর-পশ্চিম কোণে অবস্থিত। সপ্তাহে শুক্রবার ছাড়া অন্যান্য দিন ৯টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত বই পড়া যায়।

**কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী ঃ** শাহবাগে জাতীয় জাদুঘরের পাশেই এর অবস্থান। এখানে নানা ধরনের বই, পত্র-পত্রিকা ছাড়াও রেফারেন্সের জন্য অনেক মূল্যবান বই পাওয়া যায়। পড়তে পারবেন শুক্র ও শনিবার ছাড়া অন্যান্য দিন সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত।

**বিশ্বসাহিত্য কেন্দ্র ঃ** বাসে বাংলামোটর নামলেই পশ্চিম দিকের গলির ভিতর বিশ্বসাহিত্য কেন্দ্র। শুক্রবার ছাড়া অন্য যে কোন দিন বিকাল ৪টা থেকে রাত ৮ পর্যন্ত বই পড়তে পারবেন। তবে এখানে ৪০০ টাকা (ফেরতযোগ্য) জামানত ও মাসিক ১০টাকা করে চাঁদা দিয়ে সদস্যও হওয়া যায়।

**জাতীয় ক্রীড়া পরিষদ গ্রন্থাগার ঃ** বাইতুল মোকাররম মসজিদের পাশে ক্রীড়া পরিষদ ভবনের নীচতলায় এটি। এখানে ক্রীড়াবিষয়ক বিভিন্ন রকম বই পাওয়া যায়। তবে এখানে পড়তে হলে কিছু নীতিমালা মানতে হয়। খোলা থাকে ১০টা থেকে ৫টা পর্যন্ত।

**ব্রিটিশ কাউন্সিল ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফুলার রোডে অবস্থিত ব্রিটিশ কাউন্সিল। এখানে পাবেন বিভিন্ন ইংরেজি বই ও পত্র-পত্রিকা। এটি বৃহস্পতিবার ও শুক্রবার বন্ধ। খোলা থাকে অন্যান্য দিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬ পর্যন্ত।

**ইসলামিক ফাউন্ডেশন ঃ** বাইতুল মোকাররম কমপ্লেক্সে অবস্থিত। শনিবার ছাড়া সপ্তাহের অন্য যেকোন দিন সকাল ১০টা থেকে রাত সাড়ে ৮টা পর্যন্ত ইসলামী বই ও পত্র-পত্রিকা পড়া যায়।

**বাংলাদেশ জাতীয় শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো ব্যানবেইস লাইব্রেরী ঃ** পলাশী, নীলক্ষেতে অবস্থিত। এখানে বই পড়তে হলে নিজ নিজ প্রতিষ্ঠানের পরিচয়পত্র সাথে নিয়ে আসতে হয়। শুক্র ও শনিবার ছাড়া প্রতিদিন সকাল সাড়ে ৯টা থেকে সাড়ে ৪টা পর্যন্ত খোলা থাকে।

**প্রেস ইনস্টিটিউট লাইব্রেরী ঃ** প্রেস ইনস্টিটিউট লাইব্রেরী কাকরাইলের কাছে সার্কিট হাউস রোডে। শুক্র ও শনিবার ছাড়া অন্যান্য দিন সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত খোলা থাকে। সাংবাদিকতার উপর বিভিন্ন বই ছাড়াও দেশী-বিদেশী বিভিন্ন পত্র-পত্রিকা পাওয়া যায়। ❑ শফিক কলিম